43

দৈনিক বাংলা

তারিখ ... 04 FEB 1996 ...
পৃষ্ঠা 1 কলাম 2 ...

# একুশের বই মেলায় ভিড় বেড়েছে ঃ নতুন বই আসছে

স্টাফ রিপোর্টার ঃ বাংলা একাডেমীতে একুশের বইমেলার তৃতীয় দিনে গতকাল শনিবার ক্রেতা-দর্শকের ভাল সমাগম ঘটে। অর্ধদিবস হরতাল ছিল কাল, বিকাল থেকে বইমেলা সজীব মুখর হয়ে ওঠে। সন্ধ্যার পরে ভিড় ছিল বেশী। মেলায় বেশ কিছু নতুন বই আসছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বাংলা একাডেমীর অনুষ্ঠান বর্জন করলেও শিক্ষকদের অনেকেই বইমেলায় যাচ্ছেন।

গতকাল সন্ধ্যা সাড়ে সাতটার দিকে বইমেলায় ২১৫ নম্বর স্টলে এক অপ্রীতিকর ঘটনা ঘটে। জানা গেছে, 'শৈলী' নামের ওই স্টলটিতে বই লুট কেন্দ্র করে স্টলের মালিক এবং কিছু যুবকের মধ্যে হাতাহাতি ও এক পর্যায়ে মারামারি হয়। এতে তিন যুবক আহত হয়।

আহতদের দু'জনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। একজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়।

যে দুই যুবককে হাসপাতালে ভর্তি করা হয় এরা হচ্ছে আবুল হাসানাত (২৫) ও মাসুদ (২৫)। জানা গেছে, আবুল হাসানাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের ছাত্র।

ঢাকা ভার্সিটি ডিবেটিং সোসাইটি বইমেলার তৃতীয় দিনে কেক কেটে স্টল উদ্বোধন করে এবং একজন সদস্যের জন্মদিন পালন করে। কেক কেটে স্টলের উদ্বোধন করেন সোসাইটির আজীবন সদস্য ও টিভি স্কুল বিতর্ক প্রতিযোগিতার নির্দেশক হাসান আহমেদ চৌধুরী কিরণ। এ সময় সোসাইটির সভাপতি এ কে এম শোয়েব অরুণ খন্দকার, লুকনা ইয়াসমিন উপস্থিত ছিলেন।

**নতুন বই সংবাদ**

শিখা প্রকাশনী গতকাল পর্যন্ত বের করেছে মুহম্মদ জাফর ইকবালের 'আধ-ডজন স্কুল', হাসান হাফিজের 'এখন যৌবন যার', আমীরুল ইসলামের '২০৮২ সালের ম্যারাডোনা', আলী ইমামের 'সেরা কল্প বিজ্ঞানের গল্প' এবং আমিনুর রহমান সুলতানের 'ছোটদের মুক্তিযুদ্ধের ইতিহাস'।

আগামী প্রকাশনীর নতুন বইগুলি হচ্ছে ঃ হুমায়ুন আজাদের 'মানুষ হিসেবে আমার অপরাধসমূহ', 'যাদুকরের মৃত্যু', 'আমাদের শহরে একদল দেবদূত', রাবেয়া খাতুনের 'চাঁদের কৌটা'।

অনন্যা'র যেসব নতুন বই মেলায় এসেছে সেসব হচ্ছে মহাদেব সাহার 'আকাশের আদ্যোপান্ত', হানিফ সংকেতের 'হামানদিস্তা', নাসরিন জাহানের 'পুরুষ রাজকুমারী', আবদুল্লাহ আল মামুনের 'আমার আমি', ইমদাদুল হক মিলনের 'ফিরে এসো', 'ছোটদের সব লেখা'।

সময় প্রকাশন থেকে বেরিয়েছে মুহম্মদ জাফর ইকবালের 'নুরুল এবং তার নোট

(৫-এর পৃঃ দ্রঃ)

## একুশের বই মেলায় ভিড় বেড়েছে

(প্রথম পৃষ্ঠার পর)

বই', তুষার আবদুল্লাহ ও জাবির মাহমুদ সম্পাদিত 'তোমাদের প্রিয়জন'।

অঙ্কুর প্রকাশনী থেকে প্রকাশিত হয়েছে মনজুর আহমদের 'ঘোড়সওয়ার', শহিদুল ইসলাম মিন্টুর 'ছেলে বাড়ি ফিরে যাবে না', সুনীল গঙ্গোপাধ্যায়ের 'পাখির মা'। চারদিকের নতুন বই হুমায়ুন কবীর ঢালী সম্পাদিত 'শ্রেষ্ঠ কিশোর রূপকথা' এবং একই লেখক কর্তৃক রূপান্তরিত 'জুরাসিক পার্ক'।

এশিয়া পাবলিকেশনস বের করেছে ইমদাদুল হক মিলনের 'আছ তুমি হৃদয় জুড়ে', ইসমাইল হোসেন রূপান্তরিত 'দি জাঙ্গল বুক'।

বিদ্যা প্রকাশ থেকে বেরিয়েছে সৈয়দ শামসুল হকের 'মার্জিনে মন্তব্য গল্পের কলকব্জা', মঈনুল আহসান সাবেরের 'মৌমাছি ও কাঠুরিয়া'।

আফসার ব্রাদার্স থেকে বেরিয়েছে ডাঃ মুনা সালিমার 'প্রতিদিনের স্বাস্থ্য সমস্যা ঃ আপনার করণীয়'।

মুক্তধারা থেকে প্রকাশিত হয়েছে সুধীর সাহার 'বিপন্ন ভালবাসা'।

র‍্যামন পাবলিশার্সের নতুন বই হচ্ছে শামসুর রাহমানের 'তুমিই নিঃশ্বাস তুমিই হৃৎস্পন্দন,' সৈয়দ শামসুল হকের 'বুকঝিম এক ভালোবাসা'।

সাহিত্য প্রকাশ বের করেছে মোনাজাতউদ্দিনের 'লক্ষ্মীটারী', সেলিম জাহানের 'অর্থনীতির কড়চা'।